

নং-৩৮.০০৭.০১৫.০০০.০৬.০১.২০১৪- ২০২

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২১  
১২ মার্চ ২০১৫


### অফিস আদেশ

প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণ আইন, ১৯৭৪ এর ৩(১) ধারার অধীনে প্রণীত অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা ২০১৩ এর বিধি ৪ এর উপবিধি (১) এ প্রদত্ত কর্তৃত্ববলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সম্প্রতি জাতীয়করণকৃত নিম্নোক্ত বিদ্যালয়সমূহে ১০/০৬/২০০৯ তারিখের পূর্বে নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক/শিক্ষিকাগণকে ০১ জানুয়ারি, ২০১৩ তারিখ হইতে সংশ্লিষ্ট বিদ্যালয়ের সহকারী শিক্ষক/শিক্ষিকা পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইল:

ক্রমিক	জেলা	উপজেলা	বিদ্যালয়ের নাম	শিক্ষক/শিক্ষিকার নাম
১.	মানিকগঞ্জ	হরিরামপুর	বাস্তা সরকারি প্রা: বিদ্যালয়	গণেশ চন্দ্র গুহ
২.	ফেণী	সোনাগাজী	কুদ্দুছ মিয়ার হাট সর: প্রা: বিদ্যালয়	মো: নুরুচ ছোবহান
৩.	খুলনা	পাইকগাছা	পুটিমারী সর: প্রা: বিদ্যালয়	মঙ্গল চন্দ্র মন্ডল
৪.	খুলনা	পাইকগাছা	পুটিমারী সর: প্রা: বিদ্যালয়	শ্যামলী মিত্রি
৫.	পটুয়াখালী	বাউফল	দক্ষিণ মাধবপুর সর: প্রা: বিদ্যালয়	মো: আবদুল ওহাব
৬.	কুড়িগ্রাম	উলিপুর	গুচ্ছগ্রাম সাহেবের আগলা সর: প্রা: বিদ্যালয়	জাহানারা খাতুন

#### শর্তাবলী:

- তাহাকে বাংলাদেশের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা হইতে হইবে।
- তিনি বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন নাই অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ নহেন মর্মে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন থাকিতে হইবে।
- তাহার অনুকূলে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসক পর্যদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন থাকিতে হইবে;
- তাহার পূর্ব কার্যকলাপ সন্তোষজনক মর্মে যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হইতে হইবে;
- তিনি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) বা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) বা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) বা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর অধীন কোন ইউনিয়ন বা পৌরসভা বা উপজেলা বা সিটি কর্পোরেশনের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মেয়র বা কাউন্সিলর বা সদস্য পদে নির্বাচিত হইয়া থাকিলে উক্ত পদ হইতে পদত্যাগ করিতে হইবে।
- তাহার বয়স সরকারী কর্মচারীর অবসর গ্রহণের বয়সের বেশী নয়।
- তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে ৩ (তিন) বছরের মধ্যে প্রয়োজনীয় যোগ্যতা অর্জন করিতে হইবে।


  
(সরদার মো: কেরামত আলী)  
উপ-সচিব  
ফোন: ৯৫১১০৭৩

নং-৩৮.০০৭.০১৫.০০০.০৬.০১.২০১৪- ১০২

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২১  
১২ মার্চ ২০১৫

**অনুলিপি- সদয় অবগতি ও কার্যার্থে:**

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ/ফেণী/খুলনা/পটুয়াখালী/কুড়িগ্রাম।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (তাকে আদেশটির ৫০ (পঞ্চাশ) কপি মুদ্রণপূর্বক জরুরী ভিত্তিতে সরবরাহের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৩। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / বরিশাল / রংপুর বিভাগ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, .....
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ/ফেণী/খুলনা/পটুয়াখালী/কুড়িগ্রাম।
- ৬। উপজেলা/থানা শিক্ষা অফিসার, .....
- ৭। উপজেলা/থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, .....
- ৮। অফিস কপি।

  
(সরদার মো: কেলামত আলী)  
উপ-সচিব